গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা

এবং

প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৭

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Divisional Office)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সাম্প্রতিক সময়ে কেন্দ্রীয় বন অঞ্চলের বন সংরক্ষণ, বনভূমির অবৈধ জবরদখল পুনরুদ্ধার, সামাজিক বনায়ন, মেয়াদ উত্তীর্ণ বাগান কর্তন, জবরদখল প্রতিরোধ ও সংরক্ষিত বন ঘোষণা কার্যক্রমে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। দেশের জনসংখ্যার বিপুল অংশ কেন্দ্রীয় অঞ্চলে বসবাস করায় বনভূমিতে জবরদখল প্রবণতা ব্যাপক, অব্যাহত এই প্রবণতার বিপরীতে সম্প্রতি বিভিন্ন বিভাগে ২৬০৯।০ হেক্টর বনভূমি জবরদখল মুক্ত করে বনায়ন করা হয়েছে। জনগণের অংশগ্রহণের মাধ্যমে সামাজিক বন সৃজনে কেন্দ্রীয় বন অঞ্চলভুক্ত বন বিভাগ সমূহ দারুনভাবে সফল। বিগত ৩ বছরে এই অঞ্চল-এ ৫২,১০,২৯,৪৭১।০ টাকার অধিক রাজস্ব সংগৃহীত হয়েছে, অধিকন্তু এ অঞ্চল থেকে বিগত ৩ বছরে মোট ৭৪৩২ জন উপকারভোগীর মাঝে ৫৭,০২,৬৫,১৪৫।০ টাকা সামাজিক বনায়নের লভ্যাংশ বিতরণ করা হয়েছে। বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি করতে এ অঞ্চলের বন বিভাগসমূহে বিগত তিন বছরে ৭১৬৫।১৭ হেক্টর ব্লকবাগান ও ৫০০।০ কিঃমিঃ স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

কেন্দ্রীয় বন অঞ্চলের অন্যতম প্রধান চ্যালেঞ্জ হলো বনভূমির যথাযথ সংরক্ষণ ও বনাঞ্চলে কৃষি, শিল্প-প্রতিষ্ঠান ও ব্যক্তিগত আবাসন সৃষ্টির উদ্দেশ্যে অব্যাহত জবরদখল প্রচেষ্টা প্রতিরোধ করা। গেজেটভুক্ত বনভূমির যথাযথ রেকর্ডভুক্তি ও রেকর্ড সংশোধন। গ্রামীণ বনজ সম্পদের উৎপাদন ও ব্যবহার বাড়ায় বনের নিকটবর্তী অঞ্চলে অবৈধ করাতকল স্থাপিত হচ্ছে; করাতকল বিধিমালার প্রয়োগ ও জনসচেতনতা বৃদ্ধি ও বিভিন্ন আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে অবৈধ করাতকল নিয়ন্ত্রণ করা। জবরদখলকারীদের নিকট হতে বন ভুমি উদ্ধার এবং উদ্ধারকৃত বনভূমিতে বাগান সৃজন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

অধিকতর জনসম্পৃক্ততা সৃষ্টির মাধ্যমে সামাজিক বনায়ন কার্যক্রম ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বনভূমির ফাঁকা স্থানসমূহ বনায়নের আওতায় আনা ও সব ধরনের জবরদখল প্রচেষ্টা প্রতিরোধ করা। জীব বৈচিত্র্যপূর্ণ সংরক্ষিত এলাকাসমূহে সহ-ব্যবস্থাপনার মাধ্যমে ইকোট্যুরিজম নিয়ন্ত্রণ করে বন সংরক্ষণ। মধুপুর অঞ্চলের স্থানীয় জনগোষ্ঠীর সাথে সমন্বয় করে বনভূমিকে কৃষি ফসলের চাষ কমিয়ে বনজ সম্পদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ। জবরদখলকৃত বনভুমি উদ্ধার করে পুনঃবনায়ন করা। ৪ ধারায় ও ৬ ধারায় বিজ্ঞপ্তিত বনভুমির রিজার্ভেশন প্রক্রিয়া ত্বরান্বিত করা। এছাড়া চলমান বি আর এস জরিপে বনভুমি যথাযথভাবে রেকর্ডভুক্ত করন ও ব্যাক্তি/প্রতিষ্ঠানের নামে রেকর্ডভুক্ত বনভুমির রেকর্ড সংশোধনের উদ্দ্যোগ গ্রহন।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বৃক্ষাচ্ছাদন ও বনাচ্ছাদন সম্প্রসারণের জন্য ৩৫০হেক্টর ব্লক, ৩৫০ হেক্টর এ আর এনরিচমেন্ট ও ১৯ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন এবং বিলুপ্ত প্রায় উদ্ভিদ সম্প্রসারণের জন্য ৩০০টি চারা উত্তোলন ও রোপণ।
- সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র নিরসনে উপকারভোগীর মধ্যে ২০.০০ কোটি টাকা লভ্যাংশ বিতরন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা

এবং

প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর মধ্যে ২০২৩ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার মাধ্যমে বন, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং আর্থ-সামাজিক উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে টেকসই বন ব্যবস্থাপনার মাধ্যমে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও বনের আচ্ছাদন (Forest Cover) বৃদ্ধি, প্রতিবেশগত সেবার (Ecosystem Services) মানোন্নয়ন ও দারিদ্র বিমোচন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা
২. ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ
৩. জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, বনজ সম্পদের টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়ন, বন সম্প্রসারণ এবং বনের সীমানা নির্ধারণ।
২. বন জরীপ, বন হতে কার্বন নিঃসরণের মাত্রা নির্ধারণ এবং বন পরিবীক্ষণ ও মূল্যায়ন।
৩. সরকারী বনভূমি, পতিত ভূমি, প্রান্তিক ভূমি,অব্যবহারিত কৃষি ভূমি ও নতুন জেগে ওঠা ভূমিতে বনায়ন কার্যক্রমের মাধ্যমে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি।
৪. সামাজিক বনায়ন ও সহযোগীতামূলক বন ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্র বিমোচন ও নারীর ক্ষমতায়ন।
৫. বনের অবক্ষয় রোধ করে বনে কার্বন মজুদ বৃদ্ধির মাধ্যমে বিশ্ব উষ্ণায়ন রোধে অবদান রাখা।
৬. জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় বনায়নের মাধ্যমে জীবন ও সম্পদের সুরক্ষা।
৭. বনজ সম্পদ উৎপাদন এবং বনজসম্পদের টেকসই ব্যবহার নিশ্চিতকরণ।
৮. বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে সহায়তা (Assisted Natural Regeneration), অবক্ষয়িত বনের পুনর্বাসন এবং জলবিভাজিকা (Watershed) ব্যবস্থাপনা।
৯. সরকারী ও বেসরকারী পর্যায়ে বনায়নে উৎসাহ ও সহায়তা প্রদান। বনায়ন বিষয়ক কারিগরি পরামর্শ প্রদান।
১০. রক্ষিত এলাকা সম্প্রসারণ ও সহ-ব্যবস্থাপনা (Co-management) কার্যক্রম বাস্তবায়ন এবং প্রকৃতি পর্যটন (Ecotourism) উন্নয়ন ও সম্প্রসারণ।
১১. বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সম্পর্কিত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
বনাচ্ছাদন বৃদ্ধি	বনায়নকৃত সরকারী বনভূমি	হেক্টর	৩৩১১	২৭৮২	৭০০	৬৫০	৬৫০	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা এর অন্তর্ভূক্ত বিভাগসমূহ ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন	বন বিভাগের বার্ষিক প্রতিবেদন/বাগানের জার্নাল
আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন	সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ	কোটি টাকা	১৫.৫৪	৩৪.৯৪	২০.০০	১৪.৫০	১৪.৫০	কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা এর অন্তর্ভূক্ত বিভাগসমূহ	সংশ্লিষ্ট অফিস আদেশ এবং বন বিভাগের বার্ষিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা	২৫	[১.১] বনায়ন	[১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক)	সমষ্টি	হেক্টর	৬	২৮২১	১৯১২	৩৫০	৩৪০	৩৩০	৩২০	৩১০	৬০০	৬০০
			[১.১.২] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ)	সমষ্টি	কি:মি:	৪	১৯০	৯	১৯	১৮	১৭	১৬	১৫	১৫	২০
			[১.১.৩] বনায়ন কৃত এলাকা (এ এন আর/ এনরিচমেন্ট)	সমষ্টি	হেক্টর	৫	৪৯০	৮৭০	৩৫০	৩৪০	৩৩০	৩২০	৩১০	৫০	৫০
		[১.২] জবরদখলকৃত বন উদ্ধার	[১.২.১] উদ্ধারকৃত বনের পরিমান	সমষ্টি	হেক্টর	৩	১০২৮.৩৪	৭৯৫.৩৪	৩৫০	৩৪০	৩৩০	৩২০	৩১০	৩৫০	৩৫০
		[১.৩] ইকোটুরিজম উন্নয়ন	[১.৩.১] ভ্রমনকারীর সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৩	২.৮৬	২.৮৫	২.৮	২.৭	২.৬	২.৫	২.৪	৩.০	৩.২০
		[১.৪] চারা বিক্রয় ও বিতরণ	[১.৪.১] বিক্রিত চারার সংখ্যা	সমষ্টি	লক্ষ চারা	২	৩.০৩	২.৬	২.৪২	২.৩০	২.২০	২.১০	১.৬০	২.২৫	২.৭৫
			[১.৪.২] বিতরণকৃত চারার সংখ্যা	সমষ্টি	লক্ষ চারা	২	০.৮	১.০০	০.৯০	০.৮৫	০.৮০	০.৭৫	০.৭০	১.০০	১.০০
[২] ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ	২৫	[২.১] বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ	[২.১.১] সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় উদ্ভিদ তমালএবং সিভিট প্রজাতির চারা উত্তোলন ও রোপণ	সমষ্টি	চারার সংখ্যা	৫	৭৫০	৮৫০	৮৫০	৮৪০	৮৩০	৮২০	৮১০	৮৫০	৮৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[২.২] বন ও রক্ষিত এলাকাসমূহের SMART পেট্রোলিং	[২.২.১] SMART পেট্রোলিংকৃত এলাকা	সমষ্টি	কিলোমিটার	৪	১০৪	৫০	৫০	৪৫	৪০	৩৫	৩০	৪০	৪০
		[২.৩] রক্ষিত এলাকাসমূহের সিপিজি (কো-ম্যানেজমেন্ট পেট্রোলিং গ্রুপ) এর সহায়তায় পেট্রোলিং	[২.৩.১] পেট্রোলিং এর পরিমান	সমষ্টি	সংখ্যা	৪	১৯	৬২	৬২	৬০	৫৫	৫০	৪৫	৬৪	৬৫
		[২.৪] রক্ষিত এলাকা সমূহের সহ ব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা	[২.৪.১] সভার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	১২	১২	৬	৫	৪	৩	২	৬	৬
		[২.৫] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার ।	[২.৫.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	২৩	৩৫	৩৫	৩০	২৫	২০	১৫	৩৩	৩৮
		[২.৬] বন, বন্যপ্রাণী, জীববৈচিত্র ও ব্লু-ইকোনমি বিষয়ে বন কর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ	[২.৬.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	৫০	৯০	১০০	৯৫	৮৫	৭৫	৭০	১০০	১০০
[৩] জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ	২০	[৩.১] সামাজিক বনায়ন কাযক্রম	[৩.১.১] পুনঃবনায়ণ কৃত এলাকা (ব্লক)	সমষ্টি	হেক্টর	৮	৮৪৪	৫৬০	৯১০	৮৫০	৮০০	৭৫০	৭০০	৬৩০	৬৬০
			[৩.১.২] পুনঃবনায়ণ (স্ট্রীপ)	সমষ্টি	কি:মি:	২	১০	১০	১০	৯	৮	৭	৬	১০	১০
		[৩.২] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ	[৩.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান	সমষ্টি	কোটি টাকা	৬	১৫.৫৪	৩৪.৯৪	২০.০	১৮.০	১৭.০	১৬.০	১৫.০	১৪.৫০	১৪.৫০

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
		[৩.৩] উপকারভোগীদের মাঝে টেকসই বনজসম্পদ আহরনের বিষয়ে সচেতনতা সৃষ্টি	[৩.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৪	৪০৯	৫০০	৪৫০	৪০০	৩৪৫	২৯০	২৫০	৪৭৫	৪৭৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা, প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা হিসাবে বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

....

বন সংরক্ষক
বন সংরক্ষকের কার্যালয়, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা

তারিখ

....

প্রধান বন সংরক্ষক
প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	SMART	Spatial Monitoring and Reporting Tool

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] বনায়ন	[১.১.১] বনায়নকৃত এলাকা (ব্লক)	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
	[১.১.২] বনায়নকৃত এলাকা (স্ট্রীপ)	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
	[১.১.৩] বনায়ন কৃত এলাকা (এ এন আর/ এনরিচমেন্ট)	ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
[১.২] জবরদখলকৃত বন উদ্ধার	[১.২.১] উদ্ধারকৃত বনের পরিমান	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
[১.৩] ইকোটুরিজম উন্নয়ন	[১.৩.১] ভ্রমনকারীর সংখ্যা	সিলেট বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং টাংগাইল বন বিভাগ	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিস্টার
[১.৪] চারা বিক্রয় ও বিতরণ	[১.৪.১] বিক্রিত চারার সংখ্যা	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিস্টার
	[১.৪.২] বিতরণকৃত চারার সংখ্যা	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিস্টার
[২.১] বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ	[২.১.১] সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় উদ্ভিদ তমালএবং সিভিট প্রজাতির চারা উত্তোলন ও রোপণ	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
[২.২] বন ও রক্ষিত এলাকাসমূহের SMART পেট্রোলিং	[২.২.১] SMART পেট্রোলিংকৃত এলাকা	সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন
[২.৩] রক্ষিত এলাকাসমূহের সিপিজি (কো-ম্যানেজমেন্ট পেট্রোলিং গ্রুপ) এর সহায়তায় পেট্রোলিং	[২.৩.১] পেট্রোলিং এর পরিমান	সিলেট বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং টাংগাইল বন বিভাগ	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন
[২.৪] রক্ষিত এলাকা সমূহের সহ ব্যবস্থাপনা নির্বাহী কমিটির সভা	[২.৪.১] সভার সংখ্যা	সিলেট বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং টাংগাইল বন বিভাগ	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন
[২.৫] অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার ।	[২.৫.১] বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা	টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	অভিযান পরিচালনাকারী সংশ্লিষ্ট কর্মকর্তার প্রণীত প্রতিবেদন এবং আলোকচিত্র
[২.৬] বন, বন্যপ্রাণী, জীববৈচিত্র ও ব্লু-ইকোনমি বিষয়ে বন কর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ	[২.৬.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা	সিলেট বন বিভাগ	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/সভার কার্যবিবরণী

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.১] সামাজিক বনায়ন কাযক্রম	[৩.১.১] পুনঃবনায়ণ কৃত এলাকা (ব্লক)	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
	[৩.১.২] পুনঃবনায়ণ (স্ট্রীপ)	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল
[৩.২] উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ	[৩.২.১] বিতরণকৃত লভ্যাংশের পরিমান	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	সংশ্লিষ্ট অফিস আদেশ/বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন
[৩.৩] উপকারভোগীদের মাঝে টেকসই বনজসম্পদ আহরনের বিষয়ে সচেতনতা সৃষ্টি	[৩.৩.১] সচেতন উপকারভোগীর সংখ্যা	ঢাকা বন বিভাগ, টাংগাইল বন বিভাগ, ময়মনসিংহ বন বিভাগ এবং সিলেট বন বিভাগ।	বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/উপস্থিতির স্বাক্ষর

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
সামাজিক বনায়ন কাযক্রম	পুনঃবনায়ণ (স্ট্রীপ)	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর।	সড়ক/বাঁধ ও রেলের ধারের পতিত জায়গা বনায়নের মাধ্যমে উৎপাদন মূখী করে তোলার জন্য বর্ণিত অফিসসমূহের সাথে সমঝোতা স্মারকের ব্যবস্থা গ্রহণ।
বনায়ন	বনায়নকৃত এলাকা (স্ট্রীপ)	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর।	সড়ক/বাঁধ ও রেলের ধারের পতিত জায়গা বনায়নের মাধ্যমে উৎপাদন মূখী করে তোলার জন্য বর্ণিত অফিসসমূহের সাথে সমঝোতা স্মারকের ব্যবস্থা গ্রহণ।
জবরদখলকৃত বন উদ্ধার	উদ্ধারকৃত বনের পরিমান	জেলা প্রশাসন এবং বিচার বিভাগ	অবৈধ দখলদারদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা করার সময় জেলা প্রশাসকের সহায়তা গ্রহণ এবং বিচার বিভাগের সাথে যোগাযোগপূর্বকবিচারাধীন মামলার দ্রুত নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ।
উপকারভোগীদের মাঝে টেকসই বনজসম্পদ আহরনের বিষয়ে সচেতনতা সৃষ্টি	সচেতন উপকারভোগীর সংখ্যা	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর।	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর এর সাথে স্থানীয় পর্যায়ে চুক্তি সম্পাদন করা এবং অব্যবহৃত জায়গায় বনায়নে এবং মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরণে বর্ণিত দপ্তর সমূগের সহায়তা গ্রহণ করা।
উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ	বিতরণকৃত লভ্যাংশের পরিমান	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর।	সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর এর সাথে স্থানীয় পর্যায়ে চুক্তি সম্পাদন করা এবং অব্যবহৃত জায়গায় বনায়নে এবং মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরণে বর্ণিত দপ্তর সমূগের সহায়তা গ্রহণ করা।

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ